

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ১৩, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

প্রজ্ঞাপন

ঢাকা, ২১ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ/ ০৫ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

নম্বর ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২২.১৫৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'ডেল্টা গভর্ন্যান্স কাউন্সিল' নিম্নরূপে পুনর্গঠন করেছে :

(ক) কাউন্সিলের গঠন :

১.	প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	চেয়ারপারসন
২.	মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়	ভাইস-চেয়ারম্যান
৩.	মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়	সদস্য
৪.	মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	সদস্য
৫.	মন্ত্রী, স্থানীয় সরকার বিভাগ	সদস্য
৬.	মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
৭.	মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়	সদস্য
৮.	মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সদস্য

(১৫২০৩)

মূল্য : টাকা ৪.০০

৯.	মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়	সদস্য
১০.	মন্ত্রী/প্রতিমন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সদস্য
১১.	মন্ত্রী/প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়	সদস্য
১২.	মন্ত্রী/প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
১৩.	মন্ত্রী/প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	সদস্য
১৪.	প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়	সদস্য
১৫.	সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন	সদস্য-সচিব

(খ) কাউন্সিলের কার্যপরিধি:

- (১) 'বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০' বাস্তবায়নে নীতি নির্ধারণ, সিদ্ধান্ত গ্রহণ, কৌশলগত পরামর্শ এবং দিক নির্দেশনা প্রদান;
- (২) বাংলাদেশ ডেল্টা প্ল্যান হালনাগাদকরণে দিক নির্দেশনা প্রদান;
- (৩) 'বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০'-এর বিনিয়োগ পরিকল্পনা প্রণয়নে নীতি নির্ধারণ ও নির্দেশনা প্রদান; এবং
- (৪) ডেল্টা ফান্ড গঠন ও ব্যবহারে দিক নির্দেশনা প্রদান।

(গ) কাউন্সিল বছরে ন্যূনতম ০১ (এক)টি সভা করবে।

(ঘ) প্রয়োজনবোধে এ কাউন্সিল নতুন সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করতে পারবে।

(ঙ) বাংলাদেশে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ এ কাউন্সিলকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৯ জুন ২০২০ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২০.৮৫ নম্বর প্রজ্ঞাপন বাতিল করা হলো।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ আব্দুল বারিক  
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www. bgps. gov. bd